

সদর দপ্তর
বাংলাদেশ কোস্ট গার্ড
পার্সোনেল পরিদপ্তর
আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোন : ৪১০২৫৬০৯ ফ্যাক্স : ৪১০২৫৬০১
ই-মেইল : cghqdpers@gmail.com

১৬ পৌষ ১৪৩২

১২ ডিসেম্বর ২০২৫

৪৪.০৮.২৬৮০.০৪০.৬৩.০০১.২৫. ২৯ ৭৮

নিয়োগপত্র- অসামরিক কর্মচারী, বাংলাদেশ কোস্ট গার্ড

১। বাংলাদেশ কোস্ট গার্ডে নিম্নবর্ণিত প্রার্থীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার ফলাফল ও নিয়োগ কমিটির সুপারিশের প্রেক্ষিতে টাকা ১১০০০-২৬৫৯০ বেতন স্কেলে (গ্রেড-১৩) এবং তৎসহ প্রচলিত ভাতাদিসহ সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে (৩য় শ্রেণি) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

ক্রঃ নং	রোল নং	নাম	পিতার নাম	স্থায়ী ঠিকানা	নিজ জেলা
১।	১১০০১২৩	মানিক মিয়া	সিরাজ মিয়া	পিতা- সিরাজ মিয়া গ্রাম-মঙ্গলসিদ্ধ, পোস্ট- মঙ্গলসিদ্ধ উপজেলা- আটপাড়া জেলা- নেত্রকোনা, পোস্ট কোড- ২৪৭০ মোবাইল নং- ০১৫৬৬০৩৯৫৪৪	নেত্রকোনা

২। শর্তাবলী নিম্নরূপ :

ক। এ নিয়োগ অস্থায়ী এবং সাময়িক হিসেবে গণ্য হবে। কার্যে যোগদানের তারিখ হতে ০৬ (ছয়) মাস শিক্ষানবিশ থাকবেন এবং প্রয়োজনে কর্তৃপক্ষ উক্ত সময় বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিশ থাকাকালে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ চাকরির অবসান ঘটাতে পারবেন।

খ। বাংলাদেশ কোস্ট গার্ডের প্রচলিত আইন, বিধি-প্রবিধি এবং বিভিন্ন সময় জারিকৃত সরকারি আদেশদ্বারা চাকরি নিয়ন্ত্রিত হবে। বাংলাদেশ কোস্ট গার্ডের এখতিয়ারভুক্ত যেকোন ঘাঁটি/স্থাপনা কিংবা কর্মস্থলে চাকরি করতে বাধ্য থাকবেন।

গ। বাংলাদেশ কোস্ট গার্ড অধিদপ্তর কর্মকর্তা ও কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১০ অনুযায়ী কোন কর্মচারী চাকরিতে যোগদান পরবর্তী কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে বাহিরের কোন বৈতনিক/অবৈতনিক চাকরি গ্রহণ, অন্যত্র চাকরির জন্য আবেদন এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষাগ্রহণ মূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে পারবেন না।

ঘ। স্বাস্থ্য পরীক্ষা, ডোপটেস্ট, চরিত্র, স্থায়ী ঠিকানা ও অতীত কার্যকলাপ সংক্রান্ত পুলিশি তদন্ত রিপোর্ট সন্তোষজনক না হলে নিয়োগ তাৎক্ষণিকভাবে বাতিল বলে গণ্য হবে।

৩। উপরোক্ত শর্তাবলী মেনে উল্লিখিত পদে চাকরিতে যোগদানে সম্মত হলে প্রার্থী আগামী ২৮ ডিসেম্বর ২০২৫ তারিখে কোস্ট গার্ড সদর দপ্তরে যোগদান করবেন। উক্ত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে পরিগণিত হবে।

৪। চাকরিতে যোগদানকালে আপনাকে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে :

ক। যে কোন সিভিল সার্জনের নিকট হতে মেডিক্যাল (ডোপ টেস্টসহ) ফিটনেস সার্টিফিকেট।

খ। কোন সংস্থায় আপনি কর্মরত থাকলে সংশ্লিষ্ট সংস্থার ছাড়পত্র।

গ। সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দা ও নাগরিকত্ব সংক্রান্ত সনদ, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূল কপি (নাম সম্বলিত সিলসহ), দুই কপি সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি।

- ৫। চাকুরিতে যোগদানের জন্য আপনাকে কোন প্রকার ভ্রমণ ভাতা ইত্যাদি প্রদান করা হবে না।
- ৬। এ নিয়োগে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



এম আই এইচ আজাদ
ক্যাপ্টেন বিএন
পক্ষে মহাপরিচালক

বিতরণ :
বহিষ্ণু :
কার্য :

জনাব, মানিক মিয়া (রোল নং ১১০০১২৩)

অবগতি :

সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
দৃষ্টি আকর্ষণ : উপসচিব (সীমান্ত-৩)

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা

অন্তস্থ :
অবগতি :

পরিচালক (আইটি ও যোগাযোগ) - কোস্ট গার্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।